ফর্ম **14446**
(নভেম্বর 2021)

Department of the Treasury - Internal Revenue Service

ভার্চুয়াল VITA/TCE করদাতার সম্মতি

করদাতার কর পরিশোধ সম্পূর্ণ হওয়ার সময় এবং/অথবা মুখোমুখি না-হয়ে মান পর্যালোচনা করার সময় এই ফর্মের প্রয়োজন হয়। করদাতার কর পরিশোধ করার জন্য কোন প্রক্রিয়া অনুসরণ করা হয়, সে-কথার ব্যাখ্যা এই সাইটে থাকতে হবে, যাতে করদাতা তা বুঝতে পারেন। প্রয়োজন হলে স্বেচ্ছাসেবীরা করদাতাদের এই পরামর্শ দেবেন যে, তাঁরা এক সাইট থেকে আরেক সাইটে নিজেদের ডেটা স্থানান্তর করলে কী-কী ঝুঁকি থাকতে পারে।

পর্ব I – VITA/TCE সাইট পূরণ করবে:

সাইটের নাম

সাইটের ঠিকানা (পথ, শহর, রাজ্য, পিন কোড)

সাইট শনাক্তকরণ সংখ্যা (SIDN)	সাইট সমন্বয়কারীর নাম
সাইটে যাঁর সঙ্গে যোগাযোগ করতে হবে তাঁর নাম	সাইটের সঙ্গে যোগাযোগের টেলিফোন নম্বর

আপনার কর পরিশোধের ব্যবস্থা করার জন্য এই সাইট নিম্নলিখিত ভার্চুয়াল VITA/TCE পদ্ধতি/পদ্ধতিগুলো ব্যবহার করছে:

☐ **A. ড্রপ অফ সাইট:** এই সাইট ড্রপ অফ সাইট প্রক্রিয়া ব্যবহার করে, এই প্রক্রিয়ায় এই সাইট ব্যক্তিকে শনাক্ত করার মতো তথ্য (সামাজিক সুরক্ষা নম্বর, ফর্ম W-2 ইত্যাদি) রক্ষা করে একই সাইটে কর পরিশোধের ব্যবস্থা করার জন্য, কিন্তু সেটা পরে করে। এই প্রক্রিয়ায় আপনি ফের একই সাইটে ফিরে আসবেন মান পর্যালোচনা এবং/অথবা কর পরিশোধ সম্পূর্ণ করে স্বাক্ষর করার জন্য। অতিরিক্ত তথ্য প্রয়োজন হলে আপনার সঙ্গে যোগাযোগ করার জন্য কী পদ্ধতি ব্যবহার করা হয়, সে-কথা সাইটে অবশ্যই উল্লেখ করতে হবে।

☐ **B. ইনটেক সাইট:** এই পদ্ধতিতে করদাতা নিজের ব্যক্তিগত শনাক্তকরণ তথ্য (সামাজিক সুরক্ষা নম্বর, ফর্ম W-2 ও অন্যান্য নথিপত্র) এই সাইটে ছেড়ে চলে যান, যাতে অন্য লোকেশনে কর পরিশোধের ব্যবস্থা করা যায় এবং/অথবা কর পরিশোধের মান পর্যালোচনা করা যায়। এই প্রক্রিয়ায়, এক বা একাধিক কারণে অন্য লোকেশনে করদাতার কর পরিশোধ সংক্রান্ত তথ্য পাঠানো হতে পারে। যেমন: করদাতার সাক্ষাৎকার নেওয়া, কর পরিশোধের ব্যবস্থা করা, বা মান পর্যালোচনা করা। করদাতা এই ইনটেক সাইটে ফিরে আসতে পারেন মান পর্যালোচনা করার জন্য অথবা কর পরিশোধ সম্পূর্ণ করে তা পর্যালোচনা করা বা তাতে স্বাক্ষর করার জন্য।

☐ **C. কর পরিশোধের ব্যবস্থার এবং/অথবা শুধুমাত্র মান পর্যালোচনার সাইট:** কর পরিশোধের ব্যবস্থা করা এবং/অথবা তার মান পর্যালোচনা করার জন্য এই সাইট হয়তো এক বা একাধিক ইনটেক সাইট থেকে কর পরিশোধ পেতে পারে। এই সাইট সাধারণত অন্যান্য করদাতাদের নিজেদের লোকেশনে আসতে দেয় না বা সাক্ষাৎ গ্রহণ করে না।

☐ **D. কম্বিনেশন সাইট:** এই সাইট অন্যান্য স্থায়ী ও সাময়িক ইনটেক সাইটের জন্য কর পরিশোধের ব্যবস্থা করে এবং শুধুমাত্র করদাতাদের নিজেদের লোকেশনের মধ্যেই আসতে দেওয়া এবং সাক্ষাৎকার গ্রহণ করার ক্ষেত্রে সহায়তা করে।

☐ **E. 100% ভার্চুয়াল VITA/TCE প্রক্রিয়া:** এই পদ্ধতিতে ইনটেক, সাক্ষাৎকার, কর পরিশোধের ব্যবস্থা, মান পর্যালোচনা, এবং কর পরিশোধে স্বাক্ষর করার সময় করদাতার সঙ্গে বা যে-কোনও VITA/TCE স্বেচ্ছাসেবীর সঙ্গে মুখোমুখি না-হয়ে মত বিনিময় করা হয়। এই সাইটে প্রক্রিয়া ও সম্মতির বিষয়টা সবিস্তারে উল্লেখ করা থাকে। প্রয়োজনীয় নথিপত্র (সামাজিক সুরক্ষা নম্বর, ফর্ম W-2 এবং অন্যান্য নথিপত্র) পর্যালোচনার জন্য নির্ধারিত স্বেচ্ছাসেবীর কাছে সুরক্ষিত ফাইল শেয়ারিং প্রণালীর মাধ্যমে পাঠানোর জন্য এখানে ভার্চুয়াল পদ্ধতি অনুসরণ করা হয়।

পর্ব II: সাইটের প্রক্রিয়া:

করদাতাদের দূর থেকে সহায়তা করার জন্য যেসব প্রক্রিয়া অনুসরণ করা হবে, সেগুলির প্রত্যেকটা ব্যাখ্যা করতে হবে। এই সাইট কী ভাবে পরিচালনা করা হবে:

1. সাক্ষাৎকারের সময় নির্ধারণ করা

2. করদাতার সঙ্গে সম্মতিসূচক চুক্তি করে নেওয়া

3. ইনটেক প্রক্রিয়ার কাজ করা (যাবতীয় নথিপত্র নেওয়া)

4. করদাতার বৈধতা প্রমাণ করা (চিত্র শনাক্তকরণ এবং সামাজিক সুরক্ষা কার্ড/ITINS পর্যালোচনা করা)

5. করদাতার সাক্ষাৎকার নেওয়া

6. কর পরিশোধের ব্যবস্থা করা

7. মান পর্যালোচনা করা

8. কর পরিশোধ করে তা জানানো

9. কর পরিশোধে স্বাক্ষর করা

10. কর পরিশোধের E-ফাইলিং

প্রয়োজনীয় অন্যান্য সমস্ত নথিপত্র সহ এই সাইটে এই ফর্মের তৃতীয় পৃষ্ঠা রাখা হবে।

পর্ব III: করদাতার সম্মতি:

আপনার কর পরিশোধ নিখুঁত ভাবে হয়েছে কি না তা জানার জন্য আবেদন:

স্বেচ্ছাসেবীর সাইটে আপনি গুণমান সম্পন্ন পরিষেবা পাচ্ছেন কি না এবং নিখুঁত ভাবে কর পরিশোধের ব্যবস্থা করা হয়েছে কি না, সেই সব ব্যাপারে নিশ্চিত হওয়ার জন্য IRS কর্মীরা যথেচ্ছ ভাবে সেই সব সাইটকে পর্যালোচনা করার জন্য বেছে নেয়, যেগুলিতে বিনামূল্যে কর পরিশোধের ব্যবস্থা করা হয়। কোনও ত্রুটি খুঁজে পাওয়া গেলে এই সাইট সেটা প্রয়োজন মাফিক শুদ্ধ করে দেবে। আপনার কর পরিশোধকে পর্যালোচনা করে আপনার কোনও ব্যক্তিগত তথ্যকে IRS নিজের কাছে রাখে না এবং এই পর্যালোচনার মাধ্যমে IRS আমাদের VITA/TCE কর পরিশোধ ব্যবস্থা কর্মসূচিকে রেট দিতে পারে এই নিরিখে যে, কর পরিশোধের ব্যবস্থা নিখুঁত ভাবে হয়েছে কি না। আপনি যদি নিজের কর পরিশোধকে পর্যালোচনা প্রক্রিয়ার অংশ করতে না-চান, তাতে এই সাইটে কোনও পরিষেবা পাওয়া থেকে আপনি বঞ্চিত হবেন না। এই সাইটে যে কর পরিশোধের ব্যবস্থা করা হয়েছে, সেটা যদি একজন IRS কর্মী পর্যালোচনা করে দেখতে চান যে, নিখুঁত ভাবে করা হয়েছে কি না, তাহলে সেটাতে আপনার সম্মতি থাকবে কি?

☐ হ্যাঁ ☐ না

ভার্চুয়াল সম্মতির ঘোষণা:

আপনি যদি রাজি থাকেন যে, আপনার কর পরিশোধের বিষয়ে এবং আপনার কর সংক্রান্ত নথিপত্রের ক্ষেত্রে উল্লিখিত পদ্ধতি অনুসরণ করা হোক, তাহলে এই নথিতে আপনার স্বাক্ষর এবং/অথবা চুক্তির প্রয়োজন হবে। এই নথিতে স্বাক্ষর করা মানে, আপনার কর পরিশোধের জন্য উল্লিখিত পদ্ধতি অনুসরণের ব্যাপারে আপনি রাজি আছেন। (কোনও দম্পতি যদি যৌথ ভাবে কর পরিশোধ করাতে চান, তাহলে এই নথিতে উভয়কেই স্বাক্ষর করতে হবে।) আপনি যদি এই ফর্মে স্বাক্ষর করবেন না বলে ঠিক করেন, তাহলে আমরা হয়তো আপনার কর পরিশোধ করার জন্য এই প্রক্রিয়া ব্যবহার করতে পারব না। আমরা যেহেতু ভার্চুয়াল মাধ্যমে আপনার কর পরিশোধের ব্যবস্থা করি, তাই আপনার থেকে আমাদের এই সম্মতি আদায় করতেই হবে যে, আপনি এই প্রক্রিয়ায় রাজি আছেন। আপনার কর পরিশোধ সংক্রান্ত তথ্য প্রকাশ বা ব্যবহার করার ক্ষেত্রে এইসব IRS ভার্চুয়াল সিস্টেম বহির্ভূত পদ্ধতি ব্যবহারে আপনি যদি সম্মতি দেন, তাহলে আপনার অজ্ঞাতসারে এই সিস্টেম হ্যাক হয়ে গেলে বা একে কেউ লঙ্ঘন করলে আপনার কর সংক্রান্ত তথ্য পরবর্তীতে ব্যবহৃত বা বিতরিত হতেই থাকবে, তাকে রোধ করার ক্ষমতা ফেডারেল আইনের হাতে হয়তো থাকবে না। আপনার কর সংক্রান্ত তথ্য প্রকাশিত হোক বলে যদি আপনি সম্মত হন, তাহলে আপনি যে-সময় পর্যন্ত তা প্রকাশ হওয়ার ব্যাপারে সম্মতি দেবেন, সেই সময় পর্যন্তই প্রকাশ করা হবে। আপনি যদি সম্মতি দেওয়ার সময় কোনও নির্ধারিত সময় উল্লেখ না-করে থাকেন, তাহলে আপনার সম্মতি আপনি স্বাক্ষর করার তারিখ থেকে এক বছর পর্যন্ত বৈধ থাকবে। আপনার যদি মনে হয় যে, আপনার কর পরিশোধ সংক্রান্ত তথ্যকে বে-আইনি ভাবে বা আপনার অনুমতি ছাড়া ব্যবহার করা হচ্ছে, তাহলে আপনি 1-800-366-4484 নম্বরে ফোন করে বা complaints@tigta.treas.gov-এ ই-মেল পাঠিয়ে ট্রেজারি ইন্সপেক্টর জেনারেল ফর ট্যাক্স অ্যাডমিনিস্ট্রেশন (TIGTA)-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন। ভলান্টিয়ার ইনকাম ট্যাক্স অ্যাসিস্ট্যান্স (VITA) এবং ট্যাক্স কাউন্সেলিং ফর এল্ডারলি (TCE)-কে ওভারসাইট রিকোয়্যারমেন্ট দেওয়ার দায়িত্ব IRS-এর। অন্যদিকে, এই সাইটগুলি চালনা করে IRS স্পনসর্ড পার্টনাররা, যাঁরা IRS সাইট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা এবং স্বেচ্ছাসেবীর নৈতিক মানদণ্ডকে তত্ত্বাবধান করেন। তদুপরি, এই সাইটগুলির লোকেশনগুলি ফেডারেল প্রোপার্টির মধ্যে না-ও থাকতে পারে।

এই সাইটের ভার্চুয়াল VITA/TCE প্রক্রিয়া ব্যবহার করতে আমি রাজি ☐ হ্যাঁ ☐ না

মুদ্রিত নাম		মুদ্রিত নাম (কোনও দম্পতি যৌথ ভাবে কর পরিশোধ করলে স্বামী/স্ত্রীর নাম)	
জন্মের তারিখ	সামাজিক সুরক্ষা নম্বর/ITIN নম্বরের শেষ চার সংখ্যা	জন্মের তারিখ	সামাজিক সুরক্ষা নম্বর/ITIN নম্বরের শেষ চার সংখ্যা
তারিখ	টেলিফোন নম্বর	তারিখ	টেলিফোন নম্বর
ইমেল অ্যাড্রেস		ইমেল অ্যাড্রেস	
স্বাক্ষর (ইলেকট্রনিক) বা		স্বাক্ষর (ইলেকট্রনিক) বা	
স্বাক্ষর (টাইপ/মুদ্রণ)		স্বাক্ষর (টাইপ/মুদ্রণ)	